গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালক এর কার্যালয়
দুগ্ধ ঘাটতি উপজেলায়
দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প
সমবায় অধিদপ্তর, ঢাকা।

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

স্মারক নং-০৭/২৩(দুগ্ধ ঘাটতি)-৬৯(৩৮)

তারিখ: ০৩/০৫/২০২৩ খ্রি.।

বিষয়: বেঞ্চমার্ক সার্ভের মাধ্যমে "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের উপযুক্ত সুবিধাভোগী নির্বাচন ও সমবায় সমিতি গঠন বিষয়ে নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের অনুমোদিত ডিপিপি'তে প্রকল্পভুক্ত জেলা ও উপজেলা নির্ধারিত রয়েছে। প্রকল্পটি সফল ও সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পভুক্ত উপজেলার অধিকতর সম্ভাবনাময় এলাকা হতে উপযুক্ত সুবিধাভোগী নির্বাচন সঠিক ও যথাযথ হওয়া আবশ্যক। এমতাবস্থায়, তাঁর আওতাধীন উপজেলায় উপযুক্ত সুবিধাভোগী নির্বাচনের নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**নির্দেশনাসমূহ:**

১. প্রকল্প এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. সমবায় সমিতির মাধ্যমে নিজেদের ভাগ্যোন্নয়নে আগ্রহী ও নিয়মিত শেয়ার সঞ্চয় প্রদানে আগ্রহী হতে হবে।

৩. ব্যক্তির অবশ্যই নিজস্ব বাসগৃহ এবং জমি থাকতে হবে।

৪. পরিবারের উদ্বৃত্ত অথবা অব্যবহৃত পারিবারিক শ্রমের সুযোগ রয়েছে।

৫. গাভী পালনে ইতিবাচক মানসিকতা সম্পন্ন মহিলা, যুবক এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক যার বিরুদ্ধে আর্থিক ও ব্যবস্থাপনাগত অনিয়মের কারণে কোন অভিযোগ/মামলা চলমান নেই/শাস্তিপ্রাপ্ত নন।

৬. অবশ্যই গাভী পালনের জন্য উপযোগী গোয়ালঘর থাকতে হবে।

৭. উপজেলা সমবায় দপ্তরে কর্মরত সহকারী পরিদর্শকগণ/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/সংশ্লিষ্ট ডিসিও কর্তৃক মনোনীত পরিদর্শক বা সমপর্যায়ের কর্মচারী স্থানীয়ভাবে তথ্য সংগ্রহকারীর দায়িত্ব পালন করবেন। উপজেলা এবং জেলা সমবায় কর্মকর্তা সুবিধাভোগী নির্বাচন কার্যক্রম তদারকি করবেন। তবে, ঋণের অর্থ শতভাগ সঠিক ব্যবহার নিশ্চিতকরণের বিষয় বিবেচনায় রেখে সুবিধাভোগী নির্বাচন করতে হবে।

৮. স্থানীয়ভাবে নির্বাচিত সুবিধাভোগীদের তালিকা সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিসার ও বিভাগীয় যুগ্মনিবন্ধকের প্রত্যয়নসহ প্রকল্প কার্যালয়ে দাখিল করতে হবে।

৯. বিভাগীয় যুগ্মনিবন্ধক কর্তৃক চূড়ান্তভাবে উপকারভোগী নির্বাচনের পর প্রতিটি উপজেলায় ২টি করে সমিতি গঠন করতে হবে।

১০. প্রতিটি সমিতির সদস্য সংখ্যা হবে নির্ধারিত ৫০ জন যার মধ্যে ২০ জন নারী ও ৩০ জন পুরুষ। তবে, জরিপে অংশগ্রহণকারীর সংখ্যা ২০ জন নারী ও ৩০ জন পুরুষের বেশী হতে পারে।

১১. প্রতিটি সমিতির নাম হবে-

<u>(গ্রাম/স্থান/এলাকার সুপরিচিতি নাম)</u>**+দুগ্ধ সমবায় সমিতি লি., ঠিকানা:** গ্রাম: ......................................., ডাকঘর: ......................, উপজেলা: ..........................., জেলা: ...............................।

উল্লেখ্য, প্রকল্পভুক্ত এই সমিতির জন্য নির্ধারিত উপ-আইনের কপি প্রকল্প দপ্তর থেকে সরবরাহ করা হবে।

১২. সমবায় সমিতি গঠনের ক্ষেত্রে বিদ্যমান সমবায় সমিতি আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১৩. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর বিধি ৫৬ অনুযায়ী রেজিস্টার ও বহিসমূহ স্থানীয়ভাবে সংগ্রহ করে হাল-নাগাদ তথ্য লিপিবদ্ধপূর্বক সমিতিতে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, প্রকল্প ঋণ রেজিস্টার, প্রকল্প ঋণ আদায় রশিদ ও প্রকল্প ঋণের পাশবহি প্রকল্প দপ্তর হতে যথাসময়ে সরবরাহ করা হবে। প্রকল্প ঋণের জমা-খরচ বহি স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। প্রকল্প ঋণ রেজিস্টার, প্রকল্প ঋণ আদায় রশিদ ও প্রকল্প ঋণের জমা-খরচ বহি উপজেলা সমবায় দপ্তরে জমা থাকবে।

১৪. নিবন্ধক কর্তৃক নির্ধারিত অন্য যে কোন শর্ত।

CamScanner